# সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ৩২৩ [আন্তর্জাতিক নাম্বারঃ ৩২৪]

পর্ব-১: ত্বহারাহ্ (পবিত্রতা) (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ২০৪: যে ব্যক্তি পানি ও মাটি কোনটাই পান না

بَاب فِيمَنْ لَمْ يَجِدْ الْمَاءَ وَلَا الصَّعِيدَ

---

আরবী

أَخْبَرَنَا إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ، قال: أَنْبَأَنَا أَبُو مُعَاوِيَةَ، قال: حَدَّثَنَا هِشَامُ بْنُ عُرْوَةَ، عَنْ أَبِيهِ، عَنْ عَائِشَةَ، قالت: بَعَثَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أُسَيْدَ بْنَ حُضَيْرٍ وَنَاسًا يَطْلُبُونَ قِلَادَةً كَانَتْ لِعَائِشَةَ نَسِيَتْهَا فِي مَنْزِلٍ نَزَلَتْهُ، فَحَضَرَتِ الصَّلَاةُ وَلَيْسُوا عَلَى وُضُوءٍ وَلَمْ يَجِدُوا مَاءً، فَصَلَّوْا بِغَيْرِ وُضُوءٍ، فَذَكَرُوا ذَلِكَ لِرَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ، فَأَنْزَلَ اللَّهُ عَزَّ وَجَلَّ آيَةَ التَّيَمُّمِ . قَالَ أُسَيْدُ بْنُ حُضَيْرٍ: جَزَاكِ اللَّهُ خَيْرًا، فَوَاللَّهِ مَا نَزَلَ بِكِ أَمْرٌ تَكْرَهِينَهُ إِلَّا جَعَلَ اللَّهُ لَكِ وَلِلْمُسْلِمِينَ فِيهِ خَيْرًا.

تخريج دارالدعوه: سنن ابی داود/الطہارة۱۲۳ (۳۱۷)، (تحفة الأشراف ۱۷۲۰۵) (صحيح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 324 ـ صحيح

বাংলা

৩২৩. ইসহাক ইবনু ইব্রাহীম (রহ.) ..... ’আয়িশাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ (সা.) উসায়দ ইবনু হুযায়র (রাঃ) এবং আরো কয়েক ব্যক্তিকে ’আয়িশাহ্ (রাঃ)-এর একটি হার সন্ধানের জন্যে পাঠিয়েছিলেন, যা তিনি যে মানযিলে অবতরণ করেছিলেন সেখানে হারিয়েছিলেন। এমতাবস্থায় সালাতের সময় উপস্থিত হল, অথচ লোকেদের উযূ ছিল না আর তারা পানিও পাচ্ছিলেন না। তখন তাঁরা উযূ ব্যতীতই সালাত আদায় করলেন। তারপর তারা রাসূলুল্লাহ (সা.) -এর নিকট তা বললেন, এমন সময় আল্লাহ তা’আলা তায়াম্মুমের আয়াত নাযিল করলেন। উসায়দ ইবনু হুযায়র (রাঃ) বলেন, আল্লাহ তা’আলা আপনাকে উত্তম বিনিময় দিন। যখনই আপনার নিকট এমন কোন বিপদ আসে যা আপনি অপছন্দ করেন, তার মাঝেই আল্লাহ তা’আলা আপনার ও মুসলিমদের

জন্যে কোন কল্যাণ নিহিত রাখেন।

## English

204. One Who Cannot Find Water Or Clean Earth

It was narrated that 'Aishah said: The Messenger of Allah (ﷺ) sent Usaid bin Hudair and some other people to look for a necklace that 'Aishah had left behind in a place where she had stopped (while traveling). The time for prayer came and they did not have Wudu', and they could not find any water, so they prayed without Wudu'. They mentioned that to the Messenger of Allah (ﷺ), and Allah, the Mighty and Sublime revealed the verse of Tayammum. Usaid bin Hudair said: 'May Allah reward you with good, for by Allah, nothing ever happened to you that you dislike, but Allah makes it good for you and the Muslims.'

ফুটনোট

সহীহ: বুখারী ৩৩৬, মুসলিম ৩৬৭।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=86594

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন